

## 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১২৩৪

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১৪২. রোগাক্রান্ত অবস্থায় সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম -এর সালাত

بَابِ مَا جَاءَ فِي صَلَاةِ رَسُولِ اللهِ عَلِيْلِ فِي مَرَضِهِ

## আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيّ الْجَهْضَمِيُّ، أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ بْنُ دَاوُدَ، مِنْ كِتَابِهِ فِي بَيْتِهِ قَالَ سَلَمَةُ بْنُ نُبَيْطٍ أَنْبَأْنَا عَنْ نُعَيْم بْنِ أَبِي هِنْدِ عَنْ نُبَيْطِ بْنِ شَرِيطٍ عَنْ سَالِم بْن عُبَيْدِ قَالَ أُغْمِيَ عَلَى رَسُولِ اللَّهِ - صلى الله عليه وسلم - فِي مَرَضِهِ ثُمَّ أَفَاقَ فَقَالَ " أَحَضَرَتِ الصَّلاَةُ " . قَالُوا نَعَمْ . قَالَ " مُرُوا بِلاَلاً فَلْيُؤَذِّنْ وَمُرُوا أَبَا بَكْرِ فَلْيُصِلِّ بِالنَّاسِ \_ أَوْ لِلنَّاسِ \_ " . تُمَّ أُغْمِىَ عَلَيْهِ فَأَفَاقَ فَقَالَ " أَحَضَرَت الصَّلاَةُ " . قَالُوا نَعَمْ . قَالَ " مُرُوا بِلاَلاً فَلْيُؤَذِّنْ وَمُرُوا أَبًا بَكْرِ فَلْيُصِلِّ بِالنَّاسِ " . ثُمَّ أُغْمِى عَلَيْهِ فَأَفَاقَ فَقَالَ " أَحَضَرَت الصَّلاَةُ " . قَالُوا نَعَمْ . قَالَ " مُرُوا بلاَلاً فَلْيُؤَذِّنْ وَمُرُوا أَبَا بَكْرِ فَلْيُصلِّ بالنَّاس " . فَقَالَتْ عَائِشَةُ إِنَّ أَبِي رَجُلٌ أَسِيفٌ فَإِذَا قَامَ ذَلِكَ الْمُقَامَ يَبْكِي لاَ يَسْتَطِيعُ فَلَوْ أَمَرْتَ غَيْرَهُ . ثُمَّ أُغْمِىَ عَلَيْهِ فَأَفَاقَ فَقَالَ " مُرُوا بِلاَلاً فَلْيُؤَذِّنْ وَمُرُوا أَبَا بَكْرِ فَلْيُصِلِّ بِالنَّاسِ فَإِنَّكُنَّ صوَاحِبُ يُوسُفَ أَوْ صَوَاحِبَاتُ يُوسُفَ " . قَالَ فَأُمِرَ بِلاَلٌ فَأَذَّنَ وَأُمِرَ أَبُو بَكْرِ فَصِلَّى بِالنَّاسِ ثُمَّ إِنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ وَجَدَ خِفَّةً فَقَالَ " انْظُرُوا لِى مَنْ أَتَّكِئُ عَلَيْهِ " . فَجَاءَتْ بَرِيرَةُ وَرَجُلٌ آخَرُ فَاتَّكَأً عَلَيْهِمَا فَلَمَّا رَآهُ أَبُو بَكْرِ ذَهَبَ لِيَنْكُصَ فَأَوْمَاً إِلَيْهِ أَنِ اثْبُتْ مَكَانَكَ ثُمَّ جَاءَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ حَتَّى جَلَسَ إِلَى جَنْبِ أَبِي بَكْرِ حَتَّى قَضَى أَبُو بَكْرِ صَلَاتَهُ ثُمَّ إِنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قُبِضَ . قَالَ أَبُو عَبْدِ اللَّهِ هَذَا حَديثٌ غَريبٌ لَمْ يُحَدّثْ بِهِ غَيْرُ نَصْر بْن عَلِيّ .

বাংলা

৩/১২৩৪। সালেম ইবনু উবাইদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর



অসুস্থ অবস্থায় বেহুঁশ হয়ে পড়লেন, অতঃপর হুঁশ ফিরে পেলে তিনি জিজ্ঞেস করেনঃ সালাতের ওয়াক্ত হয়েছে কি? তারা বললেন, হ্যাঁ। তিনি বলেনঃ বিলালকে আযান দিতে নির্দেশ দাও এবং আবৃ বকরকে লোকেদের নিয়ে সালাত (নামায/নামাজ) আদায় করতে নির্দেশ দাও। তিনি আবার সংজ্ঞা হারিয়ে ফেলেন, অতঃপর সংজ্ঞা ফিরে পেলে তিনি জিজ্ঞেস করেনঃ সালাতের ওয়াক্ত হয়েছে কি? লোকেরা বললো, হ্যাঁ। তিনি বলেনঃ বিলালকে আযান দিতে এবং আবৃ বকরকে লোকেদের নিয়ে সালাত আদায় করতে নির্দেশ দাও। তিনি পুনরায় সংজ্ঞা হারিয়ে ফেলেন। তিনি সংজ্ঞা ফিরে পেলে জিজ্ঞেস করেনঃ সালাতের ওয়াক্ত হয়েছে কি? লোকেরা বললো, হ্যাঁ। তিনি বলেনঃ বিলালকে আযান দিতে এবং আবৃ বকরকে লোকেদের নিয়ে সালাত আদায় করতে নির্দেশ দাও।

আয়িশাহ(রাঃ) বলেন, আমার পিতা নরম দিলের মানুষ। তিনি যখন ঐ স্থানে দাঁড়াবেন তখন কেঁদে দিবেন এবং (কিরাআত পড়তে) সক্ষম হবেন না। অতএব আপনি যদি অপর কাউকে নির্দেশ দিতেন। তিনি পুনরায় সংজ্ঞা হারিয়ে ফেলেন। অতঃপর সংজ্ঞা ফিরে পেলে তিনি বলেনঃ বিলালকে আযান দিতে এবং আবূ বকরকে লোকেদের নিয়ে সালাত আদায় করতে নির্দেশ দাও। তোমরা হলে ইউসুফ (আলাইহিস সালাম) এর সঙ্গী বা সঙ্গিনী। রাবী বলেন, বিলাল (রাঃ)-কে নির্দেশ দেয়া হলে তিনি আযান দেন এবং আবূ বকর (রাঃ) কে নির্দেশ দেয়া হলে তিনি লোকেদের নিয়ে সালাত পড়েন।

ইত্যবসরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিছুটা হালকা বোধ করলে বলেনঃ দেখো তো আমার ভর দিয়ে যাওয়ার মত কাউকে পাওয়া যায় কিনা। বারীরা ও অপর এক ব্যক্তি এলে তিনি তাদের উপর ভর করে (মসজিদে যান)। আবূ বকর(রাঃ) তাঁকে দেখতে পেয়ে পিছনে সরতে যাচ্ছিলেন। তিনি তাকে ইশারায় স্বস্থানে স্থির থাকতে বলেন। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এসে আবূ বকর (রাঃ) এর পাশে বসেন। আবূ বকর(রাঃ) তার সালাত শেষ করেন। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইন্তেকাল করেন।

আবূ আবদুল্লাহ (ইমাম ইবনু মাজাহ) বলেন, এ হাদীসটি গরীব। নাসর ইবনু আলী ব্যতীত আর কেউ এটি বর্ণনা করেননি।

## **English**

It was narrated that Salim bin 'Ubaid said:

"The Messenger of Allah (ﷺ) fainted when he was sick, then he woke up and said: 'Has the time for prayer come?' They said: 'Yes.' He said: 'Tell Bilal to call the Adhan, and tell Abu Bakr to lead the people in prayer.' Then he fainted, then he woke up and said: 'Has the time for prayer come?' They said: 'Yes.' He said: 'Tell Bilal to call the Adhan, and tell Abu Bakr to lead the people in prayer.' Then he fainted, then he woke up and said: 'Has the time for prayer come?' They said: 'Yes.' He said: 'Tell Bilal to call the Adhan, and tell Abu Bakr to lead the people in prayer.' 'Aishah said: 'My father is a tender-hearted man, and if he stands in that place he will weep and will not be able to do it. If you told someone else to do it (that would be better).' Then he fainted, then woke up and said: 'Tell Bilal to call the Adhan, and tell



Abu Bakr to lead the people in prayer. You are (like) the female companions of Yusuf.' So Bilal was told to call the Adhan and he did so, and Abu Bakr was told to lead the people in prayer, and he did so. Then the Messenger of Allah (ﷺ) felt a little better, and he said: 'Find me someone I can lean on.' Barirah and another man came, and he leaned on them. When Abu Bakr saw him, he started to step back, but (the Prophet (ﷺ)) gestured him to stay where he was. Then the Messenger of Allah (ﷺ) came and sat beside Abu Bakr, until Abu Bakr finished praying. Then the Messenger of Allah (ﷺ) passed away."

## ফুটনোট

তাহক্বীক্ব আলবানী: সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবন উবায়দ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন